প্রেস বিজ্ঞপ্তি

নিউ দিল্লী : ১০ সেপ্টেম্বর ২০১৪

অর্থনৈতিক সম্পর্ক সংক্রান্ত সংসদীয় কমিটি কর্তৃক ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণ প্রকল্পের পঞ্চম পর্যায় মঞ্জুর

আজ অর্থনৈতিক সম্পর্ক সংক্রান্ত সংসদীয় কমিটির আয়োজিত এক সভায় দেশের চারটি রাজ্য উত্তরপ্রদেশ, বিহার, ছত্তিসগড় ও উত্তরাখন্ডে ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণের পঞ্জিকরণ পরিকল্পনার উদ্যোগ বিবেচিত ও মঞ্জুর হয়েছে। একই সঙ্গে ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণকে ২০১৫ সালের মধ্যে ১০০ কোটি আধার তৈরী করার লক্ষ্যমাত্রা বেঁধে দেওয়া হয়েছে। এরমধ্যে বারোটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এনপীআর কর্তৃক পঞ্জিকরণ সংক্রান্ত অনন্য/বিশিষ্ট সংখ্যা প্রকাশের লক্ষ্য নির্ধারিত হয়েছে। ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণ আধার সম্পর্ককেন্দ্র, তথ্য, শিক্ষা ও সংযোগ সংক্রান্ত প্রচার অভিযান, প্রামাণ্য তথ্য পরিচালন ব্যবস্থা ও রাজস্বের হার ও কর প্রভৃতি ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণ কর্তৃক প্রস্তুত করা হবে এবং একটি সংশোধিত দরপত্রের মাত্রা বিত্ত কমিটির ব্যয়ের বিষয়ে নিরুপণ করা হবে।

এই প্রসঙ্গে বলা যায় যে ২০০৯ সালে ভারতবর্ষের নিবাসীদের অনন্য/বিশিষ্ট সংখ্যা প্রস্তুত ও বন্টনের অনুশাসনের উপরেই ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণ গঠিত হয়। ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণের পরিকল্পনা অনুযায়ী পঞ্জিকরণ পদ্ধতি পঞ্জিকরণ সংস্থাগুলির মাধ্যমে নিবন্ধকদের দ্বারা সম্পাদিত হয় এবং সরকার পরিমান ভিত্তিক অর্থনৈতিক সহায়তা তাদেরকে প্রদান করে।

২০১০ সালের অগাস্ট মাসে যখন প্রথম আধার তৈরী হয়েছিল, তখন থেকে আজ পর্যন্ত ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণ ৬৭.৩৮ কোটির বেশী আধার সংখ্যা প্রস্তুত করেছে। ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণ জন্মলগ্নের সময় থেকে ৩১শে আগস্ট ২০১৪ পর্যন্ত মোট ৪৯০৬ কোটি টাকা ব্যয় করেছে। ভারতীয় বিশিষ্ট পরিচয় প্রাধিকরণ প্রকল্পের লক্ষ্য হলো সর্বাঙ্গীন উন্নয়ন নির্ধারন করা। এই উদ্দেশ্যে প্রাধিকরণ ডিজিটাল, অনলাইন ইত্যাদি প্রয়োগ করে দেশের সকল নিবাসীদের এমনকী সমাজের প্রান্তবাসীদের যাচাইযোগ্য পরিচয় প্রদান করে। সাম্যমাত্রা মজবুত করার পাশেও এটি আরো দক্ষ্য পরিষেবা ও কার্যকরী শাসন প্রদান করে।